জয়পুরহাট।

স্মারকনং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৭৫ তারিখঃ ২২/০৯/২০১৯

# সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী উন্নয়ন বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ২৪/০৯/২০১৯ তারিখ রোজঃ মঙ্গলবার সময় বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী উন্নয়ন বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্য বিবরণী পঠন ও দৃঢ় করণ প্রসঙ্গে।
২। নারীদের কর্মসংস্থান সৃষ্টি প্রসংগেঃ
৩। পৌরসভার দরিদ্র এলাকাগুলোতে মহিলা উন্নয়ন সমিতি গঠন করণ প্রসঙ্গে আলোচনা।
৪। বিবিধ।

( শাম্মীম আজিজ )
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

......................................................

......................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।
নারী উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্য বিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাবা শাম্মীম আজিজ, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌরসভা মিলনায়তন |
| সভার তারিখ | ঃ ২৪/০৯/২০১৯ |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা |
| রোজ | ঃ মঙ্গলবার। |

*উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ*

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ আবুল মুনছুর মুন্টু | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য সূচী ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

সভায় জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সভাপতির অনুমতিক্রমে গত সভার কার্যবিবরণী উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে পাঠ করে শুনান এবং কোনরুপ সংশোধনী ছাড়াই ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়।

সভায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যগণকে আজকের সভার আলোচ্য বিষয় অগ্রাধিকার ভিত্তিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য আহবান জানান।

**আলোচ্যসূচীঃ ০২। নারীদের কর্মসংস্থান সৃষ্টি প্রসংগেঃ**

সভায় সভাপতি মহোদয় নারী উন্নয়ন বিষয়ক স্ব-কর্মসংস্থান সৃষ্টি বিষয়টি উপস্থিত সবাইকে দিক নির্দেশনামূলক বক্তব্য দেন। এ প্রসংগে নারীদের মধ্যে বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে বিশেষ করে হস্তশিল্প, কাপড় সেলাই প্রশিক্ষণ, নক্সী কাঁথা তৈরি প্রশিক্ষণ, শপিং ব্যাগ তৈরি প্রশিক্ষণ ইত্যাদি ব্যবস্থা তৈরি করতে পারলে ব্যাপক সুযোগ-সুবিধা বৃদ্ধি হবে। এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন এবং মহিলা ও কুটির শিল্প বিষয়ক চেয়ারম্যান কে অবগত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

তাছাড়া নারীদের অফিসে কর্মদক্ষতা বৃদ্ধি এবং স্ব-কর্মসংস্থানের লক্ষ্যে পৌরসভার সহযোগিতায় কম্পিউটার প্রশিক্ষণ দেবারও প্রস্তাব করা হয়। এবিষয়ে মহিলা বিষয়ক অধিদপ্তর জয়পুরহাট জেলার কর্মকর্তার সহযোগিতা চেয়ে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্যসূচীঃ ০৩। পৌরসভার দরিদ্র এলাকাগুলোতে মহিলা উন্নয়ন সমিতি গঠন করণ প্রসঙ্গে আলোচনা।**

সভায় সভাপতি মহোদয় পৌর এলাকার নারীদের উন্নয়ন তুরান্বিত করার লক্ষ্যে নারীদের সংঘবদ্ধ করে উন্নয়ন কর্মকান্ড পরিচালনার লক্ষ্যে কয়েকটি দরিদ্র এলাকা চিহ্নিত করে, সেখানে মাহিলাদের নিয়ে মহিলা ভিত্তিক সমিতি গঠন করে, তাদের কে সঞ্চয় করণে উদ্বদ্ধ করে তহবিল গঠন করাতে পারলে, তারা নিজেরা সেখান থেকে ঋণ নিয়ে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড গ্রহণ করতে পারবে।

তাছাড়া এসব সমিতি গুলোকে মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে রেজিষ্টেশান করাতে পারলে, তারা সরকারী বিভিন্ন অনুদান সহায়তা লাভ করতে পারবে।

**সিদ্ধান্তঃ** প্রাথমিক পর্যায়ে কয়েকটি দরিদ্র এলকায় মহিলাদের নিয়ে সমিতি গঠন করার জন্য এ কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত মোঃ হাসানুজ্জামান কে দায়িত্ব প্রদান করা হলো এবং মহিলা সমিতি সমূহে কে রেজিষ্টেশান করার লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর জয়পুরহাট জেলার কর্মকর্তার সহযোগিতা চেয়ে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের মঙ্গল কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শাম্মীম আজিজ)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

স্মারকনং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/২৮৭ তারিখঃ ২৪/০৭/২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা ।
২। জনাব/জনাবা.............................................................সদস্য, নারী উন্নয়ন বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা ।
৩। অফিস নথি

(শাম্মীম আজিজ)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

## নারী উন্নয়ন বিষয়ক কমিটি সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাবা শাম্মীম আজিজ, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ২৪/০৯/২০১৯ ইং।

রোজ ঃ মঙ্গলবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ আবুল মুনছুর মুন্টু | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সভাপতি | |

~~জয়পুরহাট পৌরসভা কার্যালয়~~